উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৩/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে নিম্নেস্বাক্ষরকারী- এর সভাপতিত্বে জুন/২০২৫ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
০৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রসঙ্গে আলোচনা।
০৪। বিবিধ।

(মৌসুমী হক)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০০২
ই-মেইলঃ unokishoreganjnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১.২৪- ৭০৪

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, নীলফামারী।
০২। চেয়ারম্যান,বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি, কিশোরগঞ্জ,নীলফামারী।
০৩। ..............................................................................কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদ জুন/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মৌসুমী হক
প্রশাসক, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ২৩ জুন ২০২৫ খ্রিঃ
সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় আসন্ন আমন মৌসুমে আমন ধানের লক্ষ্যমাত্রা রয়েছে ১৫৯০২ হেক্টর। লক্ষ্যামাত্রা অর্জনে ইতিমধ্যে দলীয় আলোচনা উঠান বৈঠকের মাধ্যেে নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা (ভাঃপ্রঃ) সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বহিঃবিভাগে রোগীর সংখ্যাঃ ১০২০০ জন, অন্তঃ বিভাগে রোগীর সংখ্যাঃ ১০৪৮ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যাঃ ৬৭৭ জন, ০২ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রের রোগীর সংখ্যাঃ ৮৪৯ জন, ৩৫ টি কমিনিটি ক্লিনিকের রোগীর সংখ্যাঃ ৯৭০২ জন, স্বাভাবিক ডেলিভারীর সংখ্যাঃ ৩২ জন, এক্সরে রোগীর সংখ্যাঃ ৪১ জন, আলট্রাসনোগ্রাম ০০ জন, ইসিজি রোগীর সংখ্যাঃ ১১ জন, ডায়রিয়া রোগীর সংখ্যাঃ ১৬৫ জন। হাসপাতালের প্রতিটি বিভাগে জনবল সংকট থাকায় হাসপাতালের সকল সেবাদান কার্যক্রম চালাতে হিমশিম খেতে হয়। জরুরি বিভাগ ও অন্ত বিভাগে বিভিন্ন চিকিৎসা সেবা সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। স্বাস্থ্য সেবা সহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৪-২৫ অর্থবছরের প্রকল্পের কাজ দ্রুত শেষ হবে। অনগ্রসর উপজেলা বিবেচনায় 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের ৫৩,০০০,০০/-(তেপান্ন লক্ষ) টাকা গত ২৯ এপ্রিল ২০২৫ খ্রি তারিখ স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২৩ (অংশ-১)-৮৬১ উপজেলা শাখা-২ হতে "পাবলিক লাইব্রেরী" এর বরাদ্দ প্রদান করেন। সে মোতাবেক উপজেলা পরিষদের অভ্যন্তরের উপজেলা মেইন গেট সংলগ্ন পাবলিক লাইব্রেরীর স্থান নির্ধারন করার প্রস্তাব করেন। | ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) দ্রুত বাস্তবায়ন করার অনুরোধ করা হয়। অনগ্রসর উপজেলা বিবেচনায় পাবলিক লাইব্রেরীর স্থান উপজেলা পরিষদের অভ্যন্তরে মেইন গেট সংলগ্ন নির্মাণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরের ৩য় কিস্তির উপবৃত্তি প্রদানের লক্ষে শিক্ষার্থীদের তথ্য সার্ভারের এন্ট্রি কাজ চলমান আছে। স্লীপ বাবদ বরাদ্দকৃত ২য় কিস্তির অর্থ ছাড়ের কাজ প্রক্রিয়াধীন।বাউন্ডারি ওয়াল, ওয়াশব্লক সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, শিক্ষকগণ আইসিটি মাধ্যমে শিক্ষার প্রসার ইন-হাউজ প্রশিক্ষণ জেলা শিক্ষা অফিসে চলমান। শিক্ষাপ্রতিষ্ঠান গুলোতে অর্ধবার্ষিক পরীক্ষা/২০২৫ শুরু হবে ২৪ জুন থেকে। ২৬ জুন/২০২৫ থেকে এইচ,এস,সি, আলিম, এইচ,এস,সি (বিএম) পরীক্ষা/২০২৫ অনুষ্ঠিত হবে ০৭ টি কেন্দ্রে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের প্রায় ২৯,০০০ জন ভাতাভোগীর চতুর্থ কিস্তির পে-রোল প্রদান করা হয়েছে। রোগী কল্যাণ সমিতির মাধ্যমে নরমাল ডেলিভোরি উৎসাহিত করার জন্য ৩০ টি কিটস্ প্রদানের জন্য সংগ্রহ করা এবং প্রদান কার্যক্রম চলমান আছে। অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। ঋণ কার্যক্রম জুন/২৫ মাসে চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম বর্তমান স্থগিত আছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ০৮ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ/সংস্কার প্রকল্পের কাজ সমাপ্ত প্রায়। জি আর ঢেউটিন ক্রয় ও সরবারহ চলমান। ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি হালনাগাদ করে দ্রুত উপজেলাতে কার্যবিবরনীসহ জমা প্রদানে ইউনিয়ন চেয়ারম্যান গণকে অনুরোধ করা হলো। অন্যান্য বিভিন্ন প্রকল্পসহ বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাল চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশিল্ট সকল |
| ০৯ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র অফিসের কার্যক্রম চলমান। ২০২৪-২৫ অর্থবছরের ১৪ ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন। ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান। নতুন অর্থবছরে অধিদপ্তরের কর্মপরিকল্পনা অনুযায়ী আমাদের কার্যক্রম পরিচালিত হবে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিঃদা) সভায় জানান যে, অত্র অফিসের মাধ্যমে বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক হচ্ছে। ভিডব্লিউবি ভাতাভোগীদের (২০২৩-২০২৪ চক্রের) জুন/২৫ খাদ্য বিতরণ শেষ হয়েছে। ভিডব্লিউবি কার্যক্রমের ইউনিয়ন থেকে নির্বাচিত আবেদন এখন পর্যন্ত শেষ হয় নাই। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১১ | পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেবা কার্যক্রম খাবার বড়ি সুখী- ২৪৯৮ চক্র, খাবার বড়ি (আপন) ১৭০ চক্র, কনডম ৪৫৭২ পিস, ইনজেকটেবলস ১০৬৬ (ভয়াল), ইমপ্ল্যান্ট ৫৩ জন, আইইউডি ০৬ জন, সক্ষম দম্পতি ৫৪,৯৫১ মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩,৫৬৯ জন, মোট গভবর্তী ১৬৮৫ জন, গভবর্তী সেবা প্রদান ৮৬৮ জন, নরমাল ডেলিভারী ১৪৫ জন, সিজারিয়ান ১৩৫ জন,প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৬০ জন, শিশু সেবা ২৫১ জন, কিশোর-কিশোরীর বয়োসন্ধিকালীন সেবা ৪২৬ জন ও সাধারণ রোগীর সেবা ৫৬২ জন কে প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের প্রতিনিধি সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর আওতাধীন সমগ্র দেশে নিরাপদ পানি সরবারহ প্রকল্পে(২০২৪-২৫) অর্থবছরে ১০৮ টির নলকুপ ববাদ্দের বিভাজন প্রসঙ্গে বিগত সভায় নলকুপের তালিকার চাহিদা ইউনিয়ন হতে প্রেরণ করার হলোও এখন পর্যন্ত এক দুইটি ইউনিয়ন ছাড়া বেশি ভাগ এখন পর্যন্ত প্রেরণ করেনি। দ্রুত তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ও সংশ্লিস্ট সকল। |
| ১৩ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় সমিতিসমূহ নিয়মিত শেয়ার, সঞ্চয় সংগ্রহের মাধ্যমে মূলধন গঠন করে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটাচ্ছে।সমবায় অফিস নিয়মিত অডিট, সমিতি তদারকি ও সমবায়ীদের কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কাযর্ক্রম অব্যাহত রেখেছে। মোট ২৫ জন সমবায়ীকে ভ্রামমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে উৎযাপন হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় কতৃক আয়োজিত বিভিন্ন টেড্রে প্রশিক্ষণ হয় নাই । অন্যান্য কারিগরি প্রশিক্ষণ বর্তমানে বন্ধ রয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষার্থে নিয়মিত দায়িত্ব পালন চলমান । বর্তমানে বিভিন্ন প্রশিক্ষণ বন্ধ রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | পরিসংখ্যান অফিস | উপজেলা সহকারী পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, অর্থনৈতিক শুমারি/ ২৪ এর মূল কার্যক্রম গত ২৬ ডিসেম্বর/২৪ তারিখে সারাদেশে ন্যায় অত্র উপজেলাতে ও সফলভাবে সম্পন্ন হয়েছে। এই শুমারির সংগৃহিত ইউনিট সমূহের এডিটিং এবং কোডিং কার্যক্রম চলমান । এছাড়া জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর পরবর্তী শুমারির মধ্যবর্তী সময় জনসংখ্যা সহ অন্যান্য গুরুত্বপূণ পরিসংখ্যানিক সূচক নির্ণয়ের জন্য SVRS প্রকল্প চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | পরিসংখ্যান অফিস ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমতি গত ১৯ জুন তারিখ স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০০২৮.১২.১৬৯ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১শাখা হতে প্রদান করেন। উপজেলা পরিষদের প্রশাসক হিসেবে দায়িত্ব কার্যভার ভাতা ১৫০০/-(এক হাজার পাঁচশত) হারে ০৬ (ছয়) মাসের ৯০০০/- (নয় হাজার) টাকা পাবেন। | রাজস্ব তহবিলের অর্থায়নে প্রশাসনিক অনুমতির প্রেক্ষিতে প্রকল্প গুলো বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। প্রশাসক হিসেবে দায়িত্ব কার্যভার ভাতা পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রশাসনিক ভবন ও কোয়াটারের অভ্যন্তরে বৈদ্যুতিক সরঞ্জামদি ১২,৬২০/-( বার হাজার ছয়শত বিশ) কোয়াটারের ০৩ নং বাসার দরজা মেরামত ব্যয় ১১,৩০০/-(এগারো হাজার তিনশত) টাকা। অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৬/০৬/২৫
(মৌসুমী হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২৪- ৭৩৪ তারিখঃ ২৬/০৬/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, নীলফামারী।
০৫। উপজেলা ........................................ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৬। চেয়ারম্যান ........................................ (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।

২৬/০৬/২৫
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার হাজিরা সীট।

তারিখ ২৩/০৬/২০২৫ খ্রি:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ০২ | চেয়ারম্যান<br>বড়ভিটা ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৩ | চেয়ারম্যান<br>পুটিমারী ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৪ | চেয়ারম্যান<br>নিতাই ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৫ | চেয়ারম্যান<br>বাহাগিলি ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৬ | চেয়ারম্যান<br>চাঁদখানা ইউপি ,কিশোরগঞ্জ, | | | |
| ০৭ | চেয়ারম্যান<br>কিশোরগঞ্জ ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | 22-6-25 | | |
| ০৮ | চেয়ারম্যান<br>রণচন্ডী ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৯ | চেয়ারম্যান<br>গাড়াগ্রাম ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | চেয়ারম্যান<br>মাগুড়া ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৩ | উপজেলা প্রকৌশলী<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৫ | উপজেলা মৎস্য অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৬ | উপজেলা শিক্ষা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা<br>অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা<br>অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২২ | উপজেলা সমবায় অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৩/৬/২৫ | | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৫ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৬/০৬/২৫ | | |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কিশোরগঞ্জ,নীলফামারী | [signature] ২৬/৬/২৫ | | |
| ২৭ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৮ | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৯ | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৩/৬/২৫ | | |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | Masum 23.06.025 | | |
| ৩১ | ফরেষ্টার, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩২ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা কিশোরগঞ্জ, নীলফামারী | | | |
| ৩৩ | তথ্য আপা | | | |
| ৩৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | [signature] Rahman | | |
| ৩৫ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কিশোরগঞ্জ, নীলফামারী | | | |